তারিখঃ জুন ২০০৯

৭৮ কোয়েকার ষ্ট্রীট, লন্ডন ই১ ৬ এস, ডবলিউ ফোন ঃ ০২০৭ ৩৯২ ৫৪০০, ফ্যাক্স ঃ ০২০৭ ৩৯২ ৫৪০১, www.spitalfieldsha.co.uk

for better homes, the better choice is

Spitalfields
Housing Association Ltd
স্পিটালফিল্ডস্ হাউজিং এসোসিয়েশন লিঃ

রিপেয়ার্স হটলাইন ফ্রি-ফোন চালু হয়েছে

সেবাসমূহের মানের উন্নতি সাধনে আমাদের প্রচেষ্টার অংশ হিসাবে আপনার প্রোপার্টির মেরামতসমূহের বিষয়ে অবহিতকরনে আমরা একটা নতুন উপায় চালু করেছি।

ট্যানেন্টস্ সম্মেলনে বাসিন্দাগণ মেরামতের বিষয় ষ্টাফদের নিকট রিপোর্ট করতে তাঁদের কষ্টের উপর আলোকপাত করেছেন এবং আমরা যাতে একটা রিপেয়ার্স হটলাইন স্থাপন করি সে বিষয়ে পরামর্শ দিয়েছেন।

মেরামতের বিষয়ে রিপোর্ট করার জন্য নতুন নম্বর হচ্ছে ০৮০০ ৬৪৪ ৬৪৪১। এ নম্বরটি আমাদের পূর্বের স্থানীয় নম্বর ০২০৭ ৩৯২ ৫৪০৯ কে প্রতিস্থাপন করবে।

এ নম্বরটি একজন কাষ্টমার সার্ভিসেস অফিসার বা মেইনটেন্যান্স টীম এর অন্য যে কোন সদস্য কর্তৃক প্রতিদিন সকাল ৯-৩০ মিঃ ও বিকাল ৫-৩০ মিঃ এর মধ্যে পরিচালনা করা হবে।

ফ্রি ফোন রিপেয়ার্স রিপোর্টিং সিষ্টেম এর অন্তর্ভূক্ত থাকবেঃ-

- একটা ফ্রি নম্বর **(০৮০০ ৬৪৪ ৬৪৪১)**

এ নম্বরে রিপেয়ার্স সার্ভিসে গৃহীত সকল কল ফ্রি (বিনা মূল্যে), ফোনটিতে কতক্ষন সময় ব্যয় করা হলো তা বিবেচনায় আনা হবে না।

- ফোনটিতে স্বয়ংক্রিয় ভাবে উত্তর প্রদান করা হয়।

কলারগণ "রিপেয়ার্স হেল্প ডেস্কে" পৌছেছেন এ মর্মে উপদেশ সম্বলিত একটা বার্তা শুনবেন।

যদি সেখানে উত্তর দেয়ার জন্য কোন ষ্টাফ উপস্থিত না থাকেন তবে কলটি একজন "রিপেয়ার্স এ্যাডমিনিষ্ট্রেটর" এর নিকট স্থানান্তরিত হবে, কলটি একটা প্রতীক্ষারত লাইনে স্থাপন করা হয় এবং যত দ্রুত সম্ভব স্থানান্তর করা হয়।

অনুগ্রহপূর্বক মনে রাখবেন যে, এ নম্বরটি শুধুমাত্র মেরামতের বিষয়ে রিপোর্টকরন বা সে সংক্রান্ত কোন অনুসন্ধান করার জন্য বা মেরামতের বিষয়ে এ্যাপয়েন্টমেন্ট করার জন্য। আমরা অন্য কোথাও আপনার কল ট্রান্সফার করতে পারবো না বা অন্য কোন সমস্যাদির বিষয়ে আলোচনা করতে পারবো না। আপনার যদি অন্য কোন সমস্যা থাকে যার বিষয়ে আপনি আলোচনা করতে চান সে জন্য অনুগ্রহপূর্বক ০২০৭ ৩৯২ ৫৪০০ নম্বরে মেইন সুইচ বোর্ডে ফোন করুন।

আপনি বর্তমানে আমাদের অনলাইন রিপেয়ার রিপোর্টিং ফরম পূরণ করার মাধ্যমে আপনার রিপেয়ার এর বিষয় অন লাইনে রিপোর্ট করতে পারেন। আমাদের মেইনটেন্যান্স টীমের একজন সদস্য কর্তৃক আমরা ওয়েবসাইটটি চেক করার পর অনতিবিলম্বে আপনার অনুসন্ধান এর বিষয়ে ব্যবস্থা গ্রহন করবো। (www.spitalfieldsha.co.uk)

আরো তথ্যাবলীর জন্য অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন **(আহ্‌সানুল হক, ফোন ০২০৭ ৩৯২ ৫৪০৪)**।

আপনার ট্যানেন্ট প্রোফাইল পূরণ করতে ভুলবেন না, যে সকল বাসিন্দা ফরমটি ফেরত পাঠান নাই, তাঁদেরকে আমরা কল করবো।

০৮০০ ৬৪৪ ৬৪৪১ (ফ্রি ফোন নম্বর)

আপনি যদি একটা ল্যান্ড লাইন থেকে এ নম্বরে কল করেন তবে উক্ত কলের জন্য আপনাকে চার্জ করা হবে না। অন্যান্য নেটওয়ার্ক চার্জ করতে পারে- অনুগ্রহপূর্বক আপনার সংশ্লিষ্ট টেলিফোন সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।

বিদায়ী ষ্টাফ

বিগত ২৬শে জুন তারিখে আমরা দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে **গ্রায়েম সীলি**'কে "শুভ বিদায়" জানিয়েছি যিনি ছয় বৎসর আমাদের সাথে কাজ করার পর বিদায় নিয়েছেন। তিনি ডিসেন্ট হোমস্ কাজসমূহের ব্যবস্থাপনায়, মেরামত সার্ভিস এর "ভ্যালু ফর মানি" এর উন্নতি সাধনে এবং ডিনমোন্ট এষ্টেট এর নবায়ন কাজে (যা হাউজিং চয়েস প্রোগ্রাম এর মাধ্যমে আমাদের নিকট স্থানান্তরিত হয়েছে) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

আমরা তাঁর ভবিষ্যতের সর্বাঙ্গীন উন্নতি কামনা করি এবং তাঁর অনুপস্থিতি ষ্টাফগণ কর্তৃক ও একই ভাবে বাসিন্দাগণও প্রচন্ডভাবে অনুভব করবেন।

ভিতরে রয়েছে ঃ-

- মেরামত সার্ভিস এর পূনর্বিন্যস্ত করন।
- পুলিশ এর নিকট থেকে বার্তা
- এস, এইচ, এ, তে শূন্যপদ।

আমরা আমাদের ষ্ট্যাটাস সার্ভে, ভাড়াটিয়া সম্মেলন ও আমাদের বোর্ড এর মাধ্যমে প্রাপ্ত বাসিন্দাদের মতামতের আলোকে আমাদের মেরামত সার্ভিস পর্যালোচনা করেছি।

আমরা বিশ্বাস করি যে নিম্নে উল্লেখিত পরিবর্তনসমূহ আপনার প্রাপ্ত সেবাসমূহের উপর একটা ইতিবাচক প্রভাব ফেলবে।

ষ্টাফ রদবদল সমূহ

আমরা কিভাবে আমাদের মেরামত সেবা প্রদান প্রক্রিয়া উন্নততর করা যায় তার উপায় খুঁজছি এবং উপলব্দি করতে পেরেছি যে, মেইনটেন্যান্স ডিপার্টমেন্টকে এটা অর্জন করতে হবে। জাতীয়ভাবে বাসিন্দাগণ বলে থাকেন যে- 'যে সার্ভিসটি সঠিক ভাবে পাওয়া সবচেয়ে জরুরী সেটি হচ্ছে মেরামত সার্ভিস'- এটা সে বাস্তবতারই প্রতিফলন।

ভবিষ্যতে সকল উন্নয়ন কাজসমূহ "চীফ এক্সিকিউটিভ" (প্রধান নির্বাহী) দেখাশুনা করবেন। আমরা বিশ্বাস করি যে পূর্ব পরিজ্ঞেয় ভবিষ্যতে উন্নয়ন কাজের সুযোগ অপেক্ষাকৃত কম থাকবে। এরফলে আমাদের রক্ষণাবেক্ষন সার্ভিস এর সম্পদের প্রতি আলোকপাত করার সুযোগ করে দিয়েছে, বিশেষ করে ফ্রন্ট লাইনে আরো ষ্টাফ নিয়োজিত করতে হবে।

আমরা বিশ্বাস করি যে এর ফলে বাসিন্দাগণ যখন তাঁদের মেরামত সম্পর্কিত কোন সমস্যা থাকবে তখন একজন অফিসার এর সাথে কথা বলা তাঁদের পক্ষে সহজতর হবে এবং অধিক সংখ্যক ষ্টাফগণ কর্তৃক আমাদের গ্রাহকদের যত্ন নেয়ার ফলে আমাদের বাসিন্দাগণ যখন কোন পরামর্শ বা সহায়তার নিমিত্তে কল করবেন তখন তাঁরা অপেক্ষাকৃত ভালো সেবা পাবেন বলে আমরা মনে করি।

দুইজন ষ্টাফ থাকবে যাঁদের মূল দায়িত্বাবলী হবে গ্রাহক সেবা। তন্মধ্যে একজন আমাদের গ্যাস ঠিকাদার রবার্ট হীথ্ এর একজন কর্মকর্তা যিনি গ্যাস চালিত গৃহস্থালী যন্ত্রপাতি ও গ্যাস সেইফটী বিষয়াদির উপর বিশেষায়িত এবং অপর জন অন্যান্য সকল মেরামত সমস্যাদির জন্য।

আমরা আরো একজন অফিসারের একটা নতুন পদ সৃষ্টি করছি যাঁর মূল দায়িত্ব হবে মেরামত পূর্ব ও মেরামতোত্তর পরিদর্শন করা, যার ফলে আমাদের ঠিকাদারসমূহের যে কোন একটির নিকট একটা মেরামত বুকিং দেয়ার প্রক্রিয়া বা মেরামতের পর উদ্ভুত সমস্যাদির নিরসন প্রক্রিয়া দ্রুততর হবে।

উন্নততর তদারকী

আমরা আমাদের ঠিকাদারগণ কর্তৃক সম্পাদিত কাজে আমাদের তদারকীতে আরো উন্নতি সাধন করার পরিকল্পনা করছি। বর্তমানে যখন কাজ শেষ হয় তখন ঠিকাদার আপনাকে একটা ফরম পুরন করতে বলে যা নির্দেশ করে যে, আপনি সম্পাদিত কাজের উপর এবং মেরামতকৃত ত্রুটির উপর সন্তুষ্ট হয়েছেন। এ ফরমটি আমরা না পাওয়া পর্যন্ত আমাদের ঠিকাদারগণ বিল পাবেন না। এর অতিরিক্ত হিসাবে আমরা আরো একটা নতুন পদ্ধতি চালু করেছি যা স্বয়ংক্রিয় ভাবে প্রতি পঞ্চম সম্পাদিত মেরামত কাজের জন্য একটা সংক্ষিপ্ত প্রশ্নপত্র প্রেরন করবে।

এটা জরুরী যে আপনি যদি এ প্রশ্নপত্র পেয়ে থাকেন তবে আপনি পশ্নাবলীর উত্তর প্রদান পূর্বক ফরমটি আমাদের নিকট ফেরৎ পাঠাবেন- ইহা প্রি-পেইড থাকবে। আপনার পক্ষে আমরা যে কাজটি করাচ্ছি তা আমাদের প্রত্যাশিত মান অনুযায়ী হচ্ছে কি না তা নিশ্চিত করার জন্য এটা হবে আমাদের জন্য সর্বোৎকৃষ্ট উপায়।

রক্ষণাবেক্ষন সার্ভিস এর জন্য আমরা যে মান (ষ্ট্যান্ডার্ড) ও অগ্রাধিকার নির্ধারন করে থাকি তা যাতে আমাদের সীমিত বাজেট ও আইনগত সীমাবদ্ধতার মধ্যে থেকে বাসিন্দাদের প্রত্যাশা ও আকাংক্ষা পূরণ করতে পারে, তা অত্যন্ত জরুরী। আমরা একটা রিপেয়ার্স ফোকাস গ্রুপ গঠন করতে চাই যা মেরামত সার্ভিস তদারকীতে, ডিপার্টমেন্টের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারনে এবং আমরা যে সার্ভিস প্রদান করি তা পর্যালোচনা ও প্রনয়নে একটা ভূমিকা রাখবে ।

আপনি ও অন্যান্যরা যে সেবা গ্রহন করে থাকেন তার উন্নতি সাধনের কাজে আপনি যদি জড়িত হতে আগ্রহী হোন তবে অনুগ্রহপূর্বক **০২০৭ ৩৯২ ৫৪০৪ নম্বরে আহসানুল হক'**কে কল করুন।

রিপেয়ার্স হটলাইন

ফ্রি-ফোন

০৮০০

৬৪৪ ৬৪৪১

ভাড়া বৃদ্ধির নীতিমালা

প্রতি বছর আমরা এ্যাশিউরড্ ট্যানেন্টস্‌দের ভাড়া বৃদ্ধি করে থাকি। আমরা কি পরিমান ভাড়া বৃদ্ধি করে থাকি তা "ট্যানেন্টস্ সার্ভিসেস অথোরিটি" কর্তৃক নিয়ন্ত্রিত ও সীমিত হয়ে থাকে।

আমাদের ব্যয় বছর বছরান্তে বৃদ্ধি পেয়ে থাকে, সে কারনে আমরা আমাদের ভাড়া বৃদ্ধি করে থাকি । সকল সোশ্যাল ল্যান্ডলর্ডস্‌দের ভাড়াটিয়াদের জন্য **দ্যা ট্যানেন্টস্ সার্ভিসেস অথোরিটি**'র ভাড়ার নীতিমালায় ইহার দুটি উদ্দেশ্যাবলী থাকে ঃ-

- কোন ভাড়াটিয়া যাতে এক বছর থেকে পরবর্তী বছরে তাঁর বাড়ীর ভাড়ায় বড় অংকের বৃদ্ধির সম্মুখীন না হন তা নিশ্চিত করা।
- সোশ্যাল ল্যান্ডলর্ডস্‌দের ভাড়াটিয়াদের জন্য ভাড়ার সমন্বয় সাধন করা যাতে সোশ্যাল ল্যান্ডলর্ডস্‌দের সকল ভাড়াটিয়াদের ভাড়ার পরিমানের পার্থক্যসমূহ যাতে ঐতিহাসিক কারনসমূহের (যেমন- কে আপনার ল্যান্ডলর্ড) মাধ্যমে নির্ধারিত না হয়ে বরং সাধারন নিয়মসিদ্ধ শর্তসমূহের (যেমন- আপনার প্রোপার্টির আয়তন) ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে। এটাকে বলা হয় **'টার্গেট রেন্ট'**।

এই নির্দেশাবলী আমাদেরকে সর্বোচ্চ যে হারে ভাড়া বৃদ্ধি করতে দেয় তা হচ্ছে- এপ্রিল মাসের বৃদ্ধির পূর্বের সেপ্টেম্বর মাসের রিটেইল প্রাইস ইনডেক্স (আর,পি,আই) + আরো ১/২ শতাংশ।

এ গাইডলাইন লিমিট প্রয়োগ করার অতিরিক্ত হিসাবে হাউজিং এ্যাসোসিয়েশনসমূহ ও অন্যান্য টি, এস, এ, রেজিষ্টার্ড প্রোভাইডারগণ প্রকৃত ভাড়াকে টার্গেট ভাড়ার কাছাকাছি আনার নিমিত্তে প্রতি সপ্তাহে আরো ২ পাউন্ড হারে ভাড়া বৃদ্ধি করতে পারবে।

আমাদের ভাড়াসমূহ যাতে টার্গেট ভাড়ায়_পৌছোতে পারে তা নিশ্চিত করতে আমরা আইনগতভাবে বাধ্য। এটাতে একবার পৌঁছানোর পর আমরা আর এ অতিরিক্ত হারে ভাড়া বৃদ্ধির সুযোগ প্রয়োগ করতে পারবো-+ না।

আমাদের অধিকাংশ প্রোপার্টিসমূহ টার্গেট রেন্ট এ রয়েছে এবং বাদবাকী প্রোপার্টিসমূহ আগামী মার্চ ২০১২ এর মধ্যে টার্গেট রেন্টে উপনীত হবে।

আমরা যখন একবার টার্গেট রেন্টে পৌছে যাবো তখন বাৎসরিক ভাড়া বৃদ্ধি শুধুমাত্র আর, পি, আই, এর ভিত্তিতে নির্ধারিত হবে।

আপনার গ্যাস বয়লার ও বাৎসারিক গ্যাস সার্ভিস ০২০৭ ২৪৭ ৬৭৪৪ নম্বরে রিপোর্ট করুন।

আপনার ত্রুটিযুক্ত গ্যাস বয়লার সম্পর্কে রিপোর্টকরন বা বাৎসরিক গ্যাস সার্ভিস।

আমাদের তিন তারকা হিটিং কন্ট্রাক্টর রবার্ট হিথ আমাদের কোয়েকার ষ্ট্রীটস্থ কার্যালয়সমূহে থেকে কাজ করার নিমিত্তে একজন রেসিডেন্ট লিয়াঁজো অফিসার (আর.এল.ও) নিয়োগের পূর্ব প্রতিশ্রুতি পূরণ করেছে। এ পদটির জন্য "ইষ্ট লন্ডন লাইফ" ও অন্যান্য মাধ্যমে বিজ্ঞাপন দেয়া হয়েছিল। স্থানীয় বাসিন্দাদের মধ্য থেকে ষাটটিরও অধিক আবেদনপত্র এসেছিল।

স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন এর যৌথ অংশগ্রহনে একটা নিয়োগ প্রক্রিয়ার পর সালেহ্ আহমেদ আলীকে বিগত ৪ঠা মে তারিখে নিয়োগ প্রদান করা হয়েছে এবং রবার্ট হিথস্ এর অফিসে অল্প কয়েক সপ্তাহের প্রশিক্ষণের পর বর্তমানে তিনি স্পিটালফিল্ডস্ যে কোন বাড়ীর হিটিং (গ্যাস) সংক্রান্ত যে কোন সমস্যাদির বিষয়ে বাসিন্দাদের জন্য প্রধান যোগাযোগ মাধ্যমে হিসাবে কাজ করছেন।

তিনি বর্তমানে আমাদের অফিসসমূহে অবস্থান করছেন। ১৩/০৭/২০০৯ তারিখ থেকে আপনি যদি আপনার যে কোন গ্যাস চালিত গৃহস্থালী যঁন্ত্রপাতি বা গ্যাস চালিত হিটিং বা গরম পানি সংক্রান্ত কোন সমস্যা রিপোর্ট করতে চান বা আপনার গ্যাস বয়লার এর বার্ষিক পরিদর্শন এর জন্য অনুরোধ করতে চান তবে অনুগ্রহপূর্বক নিম্নের নম্বরে ফোন করবেন ঃ-

০২০৭ ২৪৭ ৬৭৪৪

আর, এল, ও, শুধুমাত্র আপনার গ্যাস সম্পর্কিত মেরামত কাজসমূহ দেখাশোনা করবেন। আপনি উপরোক্ত নম্বরে ফোন করে কিংবা আমাদের অফিস পরিদর্শনের মাধ্যমে তাঁর সাথে কথা বলতে পারবেন। তিনি আপনার অন্য কোন প্রকার রিপেয়ার সার্ভিস এর কলসমূহ দেখাশোনা করতে সক্ষম হবেন না এবং আপনার ফোন কলটি অন্য কোন ডিপার্টমেন্টে ট্রান্সফার করতে পারবেন না।

আমরা কেমন ভালো করছি?

পরিমাপ	০৮/০৯ পারফর্মেন্স	লক্ষ্যমাত্রা	
একটা প্রোপার্টি ভাড়া দিতে কতদিন সময় নেয়?	২.৩ সপ্তাহ	৪ সপ্তাহ	
বি, এম, ই, বাসিন্দাদের নিকট ভাড়ায় বাড়ী প্রদান	৬৯.৫%	৫০%	
বকেয়া ভাড়া	৩%	৫%	

ভাড়াটিয়াদের খবর

শনিবার ২৫শে জুলাই ২০০৯ -
ইষ্টবর্ন এ ডে-ট্রিপ।

প্লে-ডে সমূহ ২০০৯ঃ

ফোর্ড স্কয়ার
বৃহস্পতিবার, ৩০শে জুলাই

ফকরুদ্দীন এষ্টেট
বুধবার ৫ই আগষ্ট

ডিনমোন্ট এষ্টেট
শনিবার ৮ই আগষ্ট

আপনার প্রতিবেশে কি ঘটছে সে সম্পর্কে আমাদের ও অন্যান্য বাসিন্দাদের জানানোর নিমিত্তে এ স্থানটুকু আমরা আপনার জন্য সাশ্রয় করছি।

অনুগ্রহপূর্বক আপনার লিখাসমূহ নিম্ন ঠিকানায় ই-মেইল করুন ঃ-

murselin@spitalfieldsha.co.uk

টীম সংবাদ

কাষ্টমার সার্ভিসেস অফিসার (গ্রাহক সেবা কর্মকর্তা)
আব্দুস্ সবুর উদ্দীন



আব্দুস্ আমাদের গ্রাহক সেবা কর্মকর্তা, আপনি যখন কোন মেরামতের বিষয়ে অবহিত করতে আমাদের অফিসে আসবেন কিংবা ফোন করবেন তখন যে ব্যক্তিকে প্রথম দেখবেন তিনি হচ্ছেন আব্দুস। কোন একটা মেরামতের জন্য আনুষ্ঠানিক অনুরোধ করার জন্য তিনি দায়িত্বপ্রাপ্ত। আপনি একটা নতুন কাজের বিষয়ে রিপোর্ট করতে চান, কিংবা পূর্বে রিপোর্টকৃত কোন কাজের বিষয়ে তাগিদ দিতে চান বা অন্যান্য কোন রক্ষণাবেক্ষন এর বিষয়ে কেবলমাত্র হালনাগাদ তথ্যাদি জানতে চান- যাহাই হোক না কেন আব্দুস্ রক্ষণাবেক্ষন সংক্রান্ত যে কোন অনুসন্ধান এর বিষয়ে আপনাকে সহায়তা করতে পারবেন। তাঁর সরাসরি ফোন নম্বর ০২০৭ ৩৯২ ৫৪০৭।

সালেহ্ আহমেদ আলী
রেসিডেন্ট লিয়াঁজো অফিসার

সালেহ্ আহমেদ আপনার নতুন রেসিডেন্ট লিয়াঁজো অফিসার যিনি স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন এর সাথে পার্টনারশীপ এর মাধ্যমে "রবার্ট হীথ্ হিটিং" এর জন্য কাজ করছেন। গ্যাস সেইফটী, গ্যাস হিটিং ও গরম পানির সিষ্টেমস্ সম্পর্কিত যে কোন সমস্যাদির জন্য সর্ব প্রথমেই আপনি সালেহ্ এর সাথে যোগাযোগ করবেন। তিনি বাসিন্দাগণ ও রবার্ট হিথ্ ইঞ্জিনিয়ার্স এর মধ্যে সমন্বয়কারী কর্মকর্তা হিসাবে কাজ করেন। তিনি স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন কার্যালয়ে অবস্থা করেন। তাঁর সরাসরি ফোন নম্বর হচ্ছে ০২০৭ ২৪৭ ৬৭৪৪।

আহসানুল হক
সিনিয়র মেইনটেন্যান্স অফিসার

আহসানুল উর্দ্ধতন রক্ষণাবেক্ষন কর্মকর্তা । তিনি রক্ষণাবেক্ষন টীম এর নেতৃত্বদানকারী সদস্য। আপনার রক্ষণাবেক্ষন সংক্রান্ত সমস্যাবলী মেইনটেন্যান্স টীম এর অন্যান্য সদস্যগণ যদি সমাধান করতে না পারেন তবে আহসানুল সানন্দে আপনার মেরামত সমস্যাদির বিষয়ে আলোচনা করবেন। রক্ষণাবেক্ষণ সেবার মান উন্নতকরনের নিমিত্তে আপনাদের যে কোন পরামর্শবলী শুনতে আহসানুল আগ্রহী। আপনি ০২০৭ ৩৯২ ৫৪০৪ নম্বরে তাঁর সাথে কথা বলতে পারেন।

নতুন পদ- বর্তমানে শূন্য
এসিষ্ট্যান্ট মেইনটেন্যান্স অফিসার

একটা রিপেয়ার অর্ডার বুকিং করার পূর্বে আমাদের যদি সমস্যাটির সম্পর্কে আরো বিস্তারিত কিছু জানার প্রয়োজন হয় হবে এ্যাসিষ্টেন্ট মেইনটেন্যান্স অফিসার প্রাক-কার্য্য পরিদর্শন (প্রি ওয়ার্ক ইন্সপেকশন) করবেন। কার্য্য সম্পাদনের পরে যদি কোন সমস্যা বাকী থেকে যায় কিংবা আমাদের ঠিকাদারদের পারদর্শীতা তদারকীর রুটিন প্রক্রিয়া ও এষ্টেট পরিদর্শনের অংশ হিসাবে তিনি কার্য্য সম্পাদনোত্তর পরিদর্শনসমূহ সম্পন্ন করবেন। এছাড়াও এসিষ্ট্যান্ট মেইনটেন্যান্স অফিসার রিপেয়ার সংক্রান্ত অভিযোগসমূহ দেখাশোনা করবেন।

?